মেহেরপুর ও গাংনী থেকে হাজারও নেতা কর্মী খুলনার পথে

সরকার পতনের এক দফা দাবিতে বিএনপির রোড মার্চে গাংনী থেকে খুলনা অভিমুখে সকাল সাড়ে ৭ টার সময় বাস, ট্রাক, মাইক্রোবাস ও মোটরসাইকেল যোগে হাজার হাজার নেতা কর্মী রওনা হয়েছে। রোড মার্চকে ঘীরে সকাল সাড়ে ৭ টার সময় কয়েক হাজার নেতা কর্মী গাংনী বাজারে এসে জড়ো হয়।

এদিকে রোডমার্চ সফল করতে ঝিনাইদহের উদ্দেশ্যে যাত্রা শুরু করেছেন মেহেরপুরের বিএনপির নেতাকর্মীরা। মঙ্গলবার (২৬ সেপ্টেম্বর) সকালে কয়েক হাজার নেতাকর্মী মেহেরপুর জেলা থেকে ঝিনাইদহের উদ্দেশ্যে বাস, ট্রাক, মাইক্রোবাস ও মোটরসাইকেলে যাত্রা শুরু করেন।

বিএনপির এক দফা দাবীতে গাংনী উপজেলা শহর থেকে রওনা হওয়া গাংনী উপজেলা যুবদলের আহবায়ক আব্দুল মালেক চপল বলেন, বিএনপির বিভাগীয় রোডমার্চ সফল করার জন্য আমরা যে যেভাবে পারছি খুলনার উদ্দেশ্যে রওনা দিয়েছি। উৎসবমুখর পরিবেশে আমরা এ সমাবেশ সফল করতে পারব বলে আশা করছি।

মেহেরপুর জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুন বলেন, বিভাগীয় রোডমার্চ ও সমাবেশ সফল করার জন্য আমরা সব রকমের প্রস্তুতি নিয়েছি। সকাল থেকেই জেলা শহর ছাড়াও গাংনী ও মুজিবনগর উপজেলা থেকে হাজার হাজার নেতাকর্মীরা সমাবেশস্থলে জড়ো হচ্ছেন। যথা সময়ে সমাবেশ শুরু হবে। সমাবেশকে ঘিরে আমাদের কোনো সংশয় নেই।

এদিকে সকাল সাড়ে ৭ টার সময় মেহেরপুর জেলা বিএনপির সাধারণ সম্পাদক আমজাদ হোসেন, জেলা বিএনপির সিনিয়র সহ-সভাপতি জাভেদ মাসুদ মিল্টন ও গাংনী উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলুর নেতৃত্বে নেতা কর্মী খুলনা অভিমুখে।

প্রসঙ্গত, বিএনপির খুলনা বিভাগীয় রোড মার্চ আজ মঙ্গলবার। সকাল ১০টায় ঝিনাইদহ থেকে এই রোডমার্চ শুরু হবে। মাগুরা, যশোর জেলার ১৬০ কিলোমিটার সড়ক ঘুরে শেষ হবে খুলনা নগরীর জিয়া হল চত্বরে। সেখানেই সমাপনী সমাবেশ অনুষ্ঠিত হবে। এই সমাবেশকে ঘিরে অতীতের সবচেয়ে বড় জমায়েতের রূপ দেওয়ার চেষ্টা করছে বিএনপি। সকাল ১০টায়